ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



◀◀ ভারতকে 'বস্তি' হিসেবে দেখানো ছবিই অস্কারে যায় : কঙ্গনা

পৃঃ 7



টেস্ট র‍্যাঙ্কিংয়ে ▶▶ সেরা ২৫-এ নেই কোহলি

পৃঃ 8

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০১৭ ● কলকাতা ● ০৩ মাঘ, ১৪৩১ ● শুক্রবার ● ১৭ জানুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# এবার এনকাউন্টারের পথে হাঁটার নির্দেশ ডিজি রাজীব কুমারের?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

রাজ্যের একাধিক জায়গায় পুলিশের আক্রান্ত হওয়ার খবর সামনে এসেছে। গোয়ালপোখরে গুলিবিদ্ধ দুই পুলিশ হাসপাতালে চিকিৎসাধীন। সেই ঘটনার পর এবার কড়া বার্তা দিলেন রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার। পুলিশকে গুলি করা হলে পুলিশও যে ছেড়ে কথা বলবে না, সেটাই কার্যত জানিয়ে দিলেন ডিজি। তাঁর এই মন্তব্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে মনে

এরপর ৩ পৃষ্ঠায়

# আমি চেয়ারপারসন আমি দল চালাবো সকলকে বার্তা মমতা




**বেবি চক্রবর্ত্তী: কলকাতা**

আমিই চেয়ারপার্সন, আমিই দশ বছর দল চালাব।' পূর্ব মেদিনীপুরের বিধায়ক নেতাদের ইঙ্গিতপূর্ণ বার্তা মমতা বন্দ্যোপাধ্যায়ের। কাঁথি সমবায় ব্যাঙ্কের বৈঠকে ফোনে বার্তা দিয়েছেন তৃণমূল নেত্রী। এর আগে জাতীয় কর্মসমিতির বৈঠকে মমতা বন্দ্যোপাধ্যায় স্পষ্ট করে দেন, দলের রাশ তাঁরই হাতে রয়েছে।কালীঘাটের জাতীয় কর্মসমিতির বৈঠকে প্রবীণদের বিশেষভাবে প্রাধান্য দেওয়া হয়েছিল। সেই বৈঠকেও মমতা বলেছিলেন, তিনিই চেয়ারপার্সন, তিনিই দল চালাবেন। এর পরবর্তী সময়ে বিধানসভায় বিধায়কদের নিয়ে আবারও বসেছিলেন তিনি। সেখানেও তিনি বলেছিলেন, 'আমি ও বক্সী দা দল দেখে নেব।' রাজনৈতিক বিশ্লেষকদের মতে, এই বার্তার একটাই সারবত্তা, যে দল দেখে নেওয়ার ব্যাপারে প্রবীণদের প্রাধান্য দিচ্ছেন মমতা বন্দ্যোপাধ্যায়।

বুধবার কাঁথি সমবায় ব্যাঙ্কের

এরপর ৩ পাতায়






# গোপীবল্লভপুরের বাড়িতে পৌঁছালো সেনা কর্মীর মৃতদেহ, গান স্যালুটের মধ্য দিয়ে রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হল শেষকৃত্য

**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

গোপীবল্লভপুরের ভূমিপুত্র ভারতীয় সেনা কর্মী নায়েক সুবেদার অমিরন জানার দেহ তার বাড়িতে পৌঁছাতে শোকে ভেঙ্গে পড়লো গোপীবল্লভপুর। প্রয়াত সেনা কর্মীকে একবার চোখের দেখা দেখতে ভিড় জমালেন অগণিত মানুষজন। শোক যাত্রায় অংশ নিলেন প্রাক্তন সেনা কর্মী থেকে শুরু করে বহু সাধারণ মানুষজন।হঠাৎ অসুস্থ হয়ে ওই ভারতীয় সেনার মৃত্যুর ঘটনায় গোপীবল্লভপুরে শোকের ছায়া। ঝাড়গ্রাম জেলার গোপীবল্লভপুর থানার সিজুয়া গ্রামের বাসিন্দা অমিরন জানা ইন্ডিয়ান আর্মি (ভারতীয় সেনা) তে চাকরি করতেন। দীর্ঘ ১৮ বছর ভারতীয় সেনাবাহিনীতে কর্মরত ছিলেন। জীবনের শেষ দিন পর্যন্ত নায়েক সুবেদার পদে কর্মরত ছিলেন বলে জানা গিয়েছে।তিনি পাঞ্জাবের ভাতিন্দা তে কর্মরত ছিলেন। ১৩ই জানুয়ারি তিনি বাড়ি আসার জন্য ট্রেনে চড়েছিলেন, আচমকা তিনি সেই সময় অসুস্থ হয়ে পড়েন, তাকে ভর্তি করা হয় দিল্লির আর্মি হাসপাতালে, চিকিৎসা চলাকালীন ১৪ ই জানুয়ারি তার মৃত্যু হয়। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৪২ বছর। বাড়িতে তার স্ত্রী দুই সন্তান ও পরিবারের অন্যান্য সদস্যরা রয়েছেন। তার স্ত্রী গোপীবল্লভপুর হাসপাতালে স্বাস্থ্যকর্মী। দুই সন্তানের পড়াশোনার জন্য তিনি দুই ছেলেকে নিয়ে পশ্চিম মেদিনীপুরের কলাইকুন্ডা তে থাকেন। ভারতীয় সেনার পক্ষ থেকে ১৪ই জানুয়ারি তার পরিবারকে বিষয়টি জানানো হয়। মৃত ভারতীয় সেনার পরিবারের পাশাপাশি গোটা এলাকা জুড়ে শোকের ছায়া নেমে আসে।বৃহস্পতিবার ইন্ডিয়া আর্মির সেনারা মৃত ভারতীয় সেনা অমিরন জানার মৃতদেহ নিয়ে ঝাড়গ্রাম জেলার গোপীবল্লভপুর থানার সিজুয়া গ্রামে আসেন। সেখানে তাকে দেখার জন্য কয়েক হাজার মানুষ ভিড় জমায়। ওই ভারতীয় সেনার অকাল মৃত্যুতে গোটা এলাকা জুড়ে শোকের ছায়া নেমে আসে। বৃহস্পতিবার তার বাড়িতে গিয়ে তাকে শেষ শ্রদ্ধা জানান এলাকার বহু বিশিষ্টজন। বৃহস্পতিবারই সিজুয়া গ্রামের শ্মশানে গান সেলুট এর মধ্যে দিয়ে রাষ্ট্রীয় মর্যাদায় শেষকৃত্য সম্পন্ন হয়। গ্রামবাসীরা চোখের জলে তাকে শেষ বিদায় জানান। স্থানীয় বাসিন্দা মনিচাঁদ পানি,অনুপ কর, সনাতন দাস'রা বলেন, আজ খুব দুঃখের দিন আমাদের কাছে, একজন ভারতীয় বীর সেনাকে হারালাম, হাজার হাজার মানুষ বীর সেনাকে দেখার জন্য ভিড় করেছিলেন, তবে তিনি ভারতীয়র প্রত্যেকটি মানুষের মধ্যে বেঁচে থাকবেন"।

## ব্যস্ত শহরে সভা ঘিরে জটিলতা



**বেবি চক্রবর্তী: কলকাতা**

ব্যস্ত শহরে সভা ঘিরে জটিলতা। একদিকে যানজট, যার জেরে ভোগান্তি পোহাতে হয় সাধারণ মানুষকে। আরজি কর সংক্রান্ত একটি মিছিল মামলায় মধ্য কলকাতায় সভা এবং মিছিল নিয়ে অসন্তোষ প্রকাশ করল কলকাতা হাইকোর্টের বিচারপতি তীর্থঙ্কর ঘোষ। তিনি স্পষ্ট জানিয়েছেন, আগামী দিনে মধ্য কলকাতায় কোনও সভা-সমিতি বা কর্মসূচির অনুমতি দেওয়া হবে না।তার পরিবর্তে বিকল্প জায়গা নিয়ে চিন্তা-ভাবনা করতে হবে।অসন্তোষ প্রকাশ করেও অনুমতি দিল হাইকোর্ট

গত আগস্ট মাসে আরজি কর হাসপাতাল থেকে উদ্ধার হয় মহিলা চিকিৎসকের ক্ষত-বিক্ষত দেহে। সেই ধর্ষণ-খুনের ঘটনার ৫ মাস পরও বিচার মেলেনি। এর প্রতিবাদে মিছিল করতে চেয়ে কলকাতা হাই কোর্টে দায়ের হয়েছিল মামলা। ওয়েলিংটন স্কোয়ার থেকে রানি রাসমণি অ্যাভিনিউ পর্যন্ত মিছিলের অনুমতি চাওয়া হয়েছিল। মামলাকারীরা জানান, পুলিশের কাছে অনুমতি চাওয়া হলেও তা মেলেনি। এরপরই হাইকোর্টে মামলা করেন তারা।

# পশ্চিমবঙ্গে গঙ্গাসাগর মেলার সমাপ্তি

**কলকাতা, ১৬ জানুয়ারি , ২০২৫**



পশ্চিমবঙ্গে গঙ্গাসাগর মেলা আজ সন্ধ্যায় শেষ হয়েছে। সকালে সাগরতট পরিষ্কার করতে ব্যাপক উদ্যোগ নেওয়া হয়। মেলার পরিচ্ছন্নতা রক্ষায় অসামান্য কাজের জন্য রাজ্য প্রশাসনের পক্ষ থেকে বিভিন্ন অসরকারি সংস্থা এবং সামাজিক কল্যাণমূলক সংস্থাকে পুরস্কৃত করা হয়।

মকর সংক্রান্তি উপলক্ষে সমুদ্রতটে আয়োজিত বিশেষ সাগর আরতি দর্শকদের উদ্বেলিত করে তোলে। এই অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশের সাংস্কৃতিক ও আধ্যাত্মিক বৈচিত্র্যের আভাস ফুটে ওঠে।

এই বছর ১ কোটি ১০ লক্ষেরও বেশি তীর্থযাত্রী গঙ্গাসাগরে আসেন। বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে আসা ভক্তদের স্বাচ্ছন্দ্য রক্ষায় রাজ্য প্রশাসন ব্যাপক বন্দোবস্ত করে। বঙ্গোপসাগর ও ভাগীরথীর সঙ্গমে পবিত্র স্নান সেরে ভক্তরা কপিল মুনির মন্দিরে পুজো দেন।

রাজ্য সরকারের এক মুখপাত্র জানিয়েছেন, গঙ্গাসাগরে এবার বড় ধরনের কোনো দুর্ঘটনা বা অপ্রীতিকর ঘটনার খবর নেই। সিংহভাগ তীর্থযাত্রীই স্নান সেরে নিরাপদে নিজেদের গন্তব্যে রওনা হয়ে গেছেন। মেলায় এসে হারিয়ে যাওয়া ৬০০০-এরও বেশি মানুষকে তাঁদের পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে। সমস্ত দিক থেকে পরিচ্ছন্নতা রক্ষা করে গঙ্গাসাগরকে দূষণমুক্ত মেলার রূপ দিতে রাজ্য সরকার এবার বিশেষ তৎপর ছিল। প্রয়াগরাজে কুম্ভ মেলার মতো গঙ্গাসাগর মেলাকেও যাতে জাতীয় মেলার স্বীকৃতি দেওয়া হয়, সেজন্য রাজ্য সরকার কেন্দ্রের কাছে আবারও দাবি জানিয়েছে।







(১ম পাতার পর)

# এবার এনকাউন্টারের পথে হাঁটার নির্দেশ ডিজি রাজীব কুমারের?

করা হচ্ছে।

অন্যদিকে, প্রাক্তন পুলিশকর্তা অরিন্দম আচার্য বলেন, “উপর মহল থেকে নির্দেশ না পেলে কি আমরা পাল্টা আক্রমণ করতে পারব না?” তিনি প্রশ্ন তুলেছেন, আইন যেখানে অধিকার দিয়েছে, সেখানে একজন ডিজি বা উচ্চপদস্থ কর্তার নির্দেশের জন্য অপেক্ষা করতে হবে কেন!রাজীব কুমার বলেছেন, “আমাদের গুলি করলে, আমরা চারগুণ গুলি চালাব। কীভাবে মোকাবিলা করতে হয় জানি। আমরা প্রশিক্ষিত। গুলি করলে কী করতে হয়, তা জানা আছে।” রাজ্যে যখন একাধিক জায়গায় আক্রান্ত পুলিশ, তখন রাজীব কুমার পুলিশের জন্য পাল্টা আক্রমণের বার্তা দিলেন? প্রশ্ন উঠছে, তাঁর কথায় কি এনকাউন্টারের ইঙ্গিত মিলল? নাকি পুলিশকর্মীদের উৎসাহিত করতেই এমন বক্তব্য!

বুধবার বিকেলে উত্তর দিনাজপুরের গোয়ালপোখরে এক আসামিকে আদালত থেকে জেলে ফিরে নিয়ে যাওয়া হচ্ছিল। সেই সময় আচমকা ওই আসামি আগ্নেয়াস্ত্র বের করে গুলি চালায়। বুধবার রাতে মুর্শিদাবাদের ডোমকলে এক দুষ্কৃতীকে ধরতে গেলে পুলিশের হাতে হাঁসুয়ার কোপ বসিয়ে দিয়ে পালায়। এই সব ঘটনাতেই নিরাপত্তা নিয়ে বাড়ছে উদ্বেগ। তবে বিরোধীরা মনে করাচ্ছেন, এমন ঘটনা প্রথম নয়। এ রাজ্যে পুলিশ আক্রান্ত হয়েছে বহুবার। বিজেপি নেতা জগন্নাথ চট্টোপাধ্যায় বলেন, “আগে পুলিশ পাল্টা আক্রমণ করে দেখাক, তারপর বুঝব।” শুধুমাত্র ডিজি-র একটা কথায় বিশ্বাস করতে রাজি নন তিনি।

অন্যদিকে, প্রাক্তন পুলিশকর্তা অরিন্দম আচার্য বলেন, “উপর মহল থেকে নির্দেশ না পেলে কি আমরা পাল্টা আক্রমণ করতে পারব না?” তিনি প্রশ্ন তুলেছেন, আইন যেখানে অধিকার দিয়েছে, সেখানে একজন ডিজি বা উচ্চপদস্থ কর্তার নির্দেশের জন্য অপেক্ষা করতে হবে কেন!

(১ম পাতার পর)

# আমি চেয়ারপারসন আমি দল চালাবো সকলকে বার্তা মমতা

নির্বাচনের পর পূর্ব মেদিনীপুরের বিধায়কদের সঙ্গে ফোনে পাঁচ মিনিট কথা বলেন মমতা। তার মধ্যেও তিনি বলেছেন, “যে যাই ভাবুন, আমিই দলের চেয়ারপার্সন, আমিই দল চালাব। দশ বছর চালাব।এই কথাটি রাজনৈতিক দিক থেকে অত্যন্ত তাৎপর্যপূর্ণ।তৃণমূলে 'নবীন বনাম প্রবীণ' লড়াই নতুন নয়। ২০২১ সালে দল তৃতীয় বার রাজ্যে ক্ষমতায় আসার পরে পরেই। তা বড় আকার নেয় গত লোকসভা নির্বাচনের আগে। ২০২৪ সালেও তৃণমূলের অন্দরেও এই ‘লড়াই’ নিয়ে তুমুল চর্চা হয় রাজ্য রাজনীতি। তৃণমূলের প্রতিষ্ঠা দিবস ১ জানুয়ারি নানা নেতার নানা মন্তব্যে আলোড়িত হয়েছিল শাসকদলের গোষ্ঠী রাজনীতি। এর মধ্যে তৃণমূলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কেও বলতে শোনা গিয়েছে, “আমি মনে করি, রাজনীতিতে একটা উর্ধ্বসীমা থাকা দরকার। যে পরিশ্রমটা একজন ৪০ বছরের যুবক কিংবা ৫০ বছরের লোক করতে পারবে, সেটা কোনওদিন বয়স বেড়ে গেলে ৭০-৭৫ হয়ে গেলে প্রোডাকভিটি কমে। আর আমি যদি ভাবি, দীর্ঘদিন আমি ক্ষমতা কুক্ষিগত করে রাখব, তার পতন অবসম্ভাবী।কিন্তু বয়স ইস্যু আগেও উড়িয়ে দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁকে বলতে শোনা গিয়েছে, “কীসের বয়স? মানুষের মনের কি কোনও বয়স আছে? যতদিন বাঁচবেন রয়্যাল বেঙ্গল টাইগারের মতো বাঁচবেন।

# খিদিরপুর উৎসবে দেখা যাবে সদ্ভাবনার রঙ




**জয়দীপ যাদব, কলকাতা**

কলকাতার খিদিরপুর উৎসব কমিটি আজ তাদের বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের ঘোষণা করেছে। খিদিরপুর উৎসবের সাধারণ সম্পাদক এবং তৃণমূল যুব নেতা রাজেশ কুমার সাহু এক সংবাদ সম্মেলনে সংবাদমাধ্যমের সাথে এই তথ্য ভাগ করে নেন। তিনি বলেন, এই অনুষ্ঠানটি সম্পূর্ণ সামাজিক এবং মানুষের জন্য এবং প্রতি বছর এই উৎসব পালিত হয়। উক্ত অনুষ্ঠানে সকল সম্প্রদায়ের মানুষ অংশগ্রহণ করে এবং এখানে সকলকে স্বাগত। ১৬তম খিদারপুর উৎসবে স্বেচ্ছায় রক্তদান শিবির, স্বাস্থ্য পরীক্ষা, শিশুদের চিত্রাঙ্কন এবং সদিচ্ছায় অনুপ্রাণিত বর্ণাঢ্য সামাজিক অনুষ্ঠানের আয়োজন করা হবে।

# তৃতীয় লঞ্চ প্যাড” স্থাপনে কেন্দ্রীয় মন্ত্রিসভার অনুমোদন



**নয়াদিল্লি, ১৬ জানুয়ারি , ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে আজ অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটায় ইসরোর সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্রে তৃতীয় লঞ্চ প্যাড স্থাপনের অনুমোদন দেওয়া হয়েছে।

এই লঞ্চ প্যাডটি শ্রীহরিকোটায় ইসরোর আগামী প্রজন্মের লঞ্চ ভেহিকেল উৎক্ষেপণের পরিকাঠামো গড়ে তুলবে। এছাড়া এটি সেখানকার অতিরিক্ত দ্বিতীয় লঞ্চ প্যাড হিসেবে কাজ করবে। এর ফলে আগামীদিনে ভারতের মানব মহাকাশযান মিশনের উৎক্ষেপণ ক্ষমতাও বাড়বে।

এই প্রকল্পটি জাতীয় গুরুত্বের একটি প্রকল্প।

**রূপায়ণের কৌশল এবং লক্ষ্য :**

এটি এমনভাবে ডিজাইন করা হবে যাতে শুধু এনজিএলভি নয়, সেমিক্রায়োজেনিক স্তরে এনজিএলভি-র এলভিএমথ্রি যানের উৎক্ষেপণও সম্ভব হয়। এক্ষেত্রে পূর্ববর্তী লঞ্চ প্যাডগুলির নির্মাণে ইসরোর অভিজ্ঞতার সঙ্গে শিল্প মহলের অংশগ্রহণকে কাজে লাগানো হবে।

৪৮ মাস বা ৪ বছরের মধ্যে প্রকল্পটি শেষ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

**ব্যয় :**

লঞ্চ প্যাড এবং সংশ্লিষ্ট সুবিধাগুলির নির্মাণে মোট ৩,৯৮৪.৮৬ কোটি টাকা খরচ হবে বলে মনে করা হচ্ছে।

**সুবিধাভোগীর সংখ্যা :**

এর ফলে এখান থেকে আরও বেশি সংখ্যায় মহাকাশযান উৎক্ষেপণ করা সম্ভব হবে। মহাকাশ অনুসন্ধান মিশন এবং মানব মহাকাশযান মিশনে ভারতের সক্ষমতা বাড়বে।

## সম্পাদকীয়

### উপরাষ্ট্রপতি – কৃষকদের সমস্যার দ্রুত সমাধান জরুরি, কৃষকদের উদ্বেগ নিয়ে নিরুদ্বেগ থাকা যায় না

উপরাষ্ট্রপতি শ্রী জগদীপ ধনখড় বলেছেন, কৃষকদের বিষয়গুলির সময়মতো সমাধান হওয়া প্রয়োজন। তিনি জোর দিয়ে বলেছেন যে, দেশ কৃষকদের উদ্বেগ নিয়ে চুপচাপ বসে থাকতে পারে না।

আজ ধারওয়াড়ে কৃষি বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ের কৃষি কলেজে প্রাক্তনী পুনর্মিলন অনুষ্ঠান এবং অমৃত মহোৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভাষণে শ্রী ধনখড় বলেন, "কৃষকদের দুর্দশা দেশের দ্রুত নজর দাবি করে, কৃষকদের আর্থিক নিরাপত্তা প্রয়োজন। এই দেশে, যে দেশের উত্থান হচ্ছে এবং যে উত্থান অদম্য, যে উত্থান আগে কখনও হয়নি, সেখানে আমরা কৃষকদের উদ্বেগ নিয়ে নিরদ্বেগ থাকতে পারি না। সব বিষয়ের সমাধানে সময় খুব গুরুত্বপূর্ণ। কিন্তু আমি বলব, কৃষকদের সমস্যার সমাধান খুঁজতে সময় আরও অনেক বেশি গুরুত্বপূর্ণ। সরকার কাজ করছে। আমরা চাই সকলে একযোগে সমন্বয় রেখে ইতিবাচক মন নিয়ে সমাধান খুঁজুক।"

দেশের অর্থনীতিতে কৃষিক্ষেত্রের অনেক বড় গুরুত্বের কথা তুলে ধরে শ্রী ধনখড় বলেন, "কৃষিভিত্তিক শিল্প, কৃষিপণ্যভিত্তিক শিল্প, বস্ত্র, খাদ্য, ভোজ্য তেল এবং আরও অনেক কিছু। এগুলি সমৃদ্ধ হচ্ছে এবং লাভজনক হয়ে উঠছে। সেই লাভের সমান ভাগ পাওয়া উচিত আমাদের কৃষকদের। এইসব সংস্থাগুলির উচিত তাদের সিএসআর তহবিলগুলিকে কৃষকদের কল্যাণে, কৃষি ক্ষেত্রের গবেষণায় ব্যবহার করা। এই বিষয়ে তাদের খোলা মনে ভাবা উচিত। কারণ কৃষিপণ্য তাদের জীবনরেখা এবং সেই হৃদস্পন্দন নিয়ন্ত্রণ করে কৃষকরা। আমাদের ৩টি জিনিস করতে হবে : এক, আমাদের কৃষকদের খুশি রাখতে হবে। দুই, আমাদের কৃষকদের খুশি রাখতেই হবে। এবং তিন, যেকোনও মূল্যে আমাদের কৃষকদের খুশি রাখতে হবে।"

তিনি আরও বলেন, "আমাদের মনে রাখা উচিত যখন কৃষকরা আর্থিকভাবে ভালো থাকেন, অর্থনীতি প্রাণবন্ত থাকে কারণ কৃষকদের ব্যয় ক্ষমতা বাড়ে। যখন কৃষক ব্যয় করেন, তখন অর্থনীতি নিজে নিজেই চালিত হয়। এবং সেই জন্য আমাদের আরও একটি ইতিবাচক প্রভাব ঘটে। যদি কৃষিক্ষেত্র প্রাণবন্ত হয়, সুষ্ঠুভাবে চলে, তার যত্ন নেওয়া হয়, নজর দেওয়া হয়, তবে কৃষি ক্ষেত্রে অনুৎপাদক সম্পদ বলে কিছু থাকতে পারে না। আইসিইউ –তে থাকা রোগীর দিকে আমরা যেভাবে নজর দিই, কৃষকদের প্রতিও আমাদের সেভাবে নজর দিতে হবে।"

দুর্যোগপূর্ণ আবহাওয়া এবং বাজারের অনিশ্চয়তার মতো মৌলিক চাপ থেকে কৃষকদের রেহাই দেওয়ার প্রয়োজনীয়তার ওপর জোর দিয়ে শ্রী ধনখড় বলেন, "সময় এসে গেছে বিশ্লেষণ করার এবং কৃষিক্ষেত্রকে মৌলিক চাপ থেকে মুক্তি দেওয়ার। সরকার অনেক কিছু করছে কিন্তু কৃষক এখনও দুর্যোগপূর্ণ আবহাওয়া, বাজারের অনিশ্চয়তার ওপর নির্ভরশীল। ঘাটতি থাকলেও তাকে ভুগতে হয়, প্রাচুর্য থাকলেও তাকে ভুগতে হয় এবং সেইজন্য আমাদের এমন পদ্ধতি বের করতে হবে, যাতে আমাদের কৃষকদের অর্থনৈতিক এবং মানসিক স্বাস্থ্য ভালো থাকে।"

কৃষি ক্ষেত্রের সকল রকম ভর্তুকির সরাসরি হস্তান্তরের পক্ষে সওয়াল করে শ্রী ধনখড় বলেন, "আমি চাই এবং আমি জোর দিয়ে সুপারিশ করছি, কৃষিক্ষেত্রে সার অথবা অন্য কিছু বাবদ দেওয়া যেকোনও ভর্তুকি যেন সরাসরি পৌঁছয় কৃষকের কাছে। কৃষকদের সিদ্ধান্ত নিতে দিন, এমন কী সার যাতে ভর্তুকির পরিমাণ বিপুল..... কৃষিক্ষেত্রের অর্থনীতিবিদদের ভাবতে হবে যদি এই সহায়তা সরাসরি কৃষকের কাছে পৌঁছয় তাহলে সে রাসায়নিক সারের বিকল্প খুঁজতে পারে। কৃষকরা এই টাকা ব্যবহার করতে পারে জৈব এবং প্রাকৃতিক চাষের জন্য।

## আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(এগারোতম পর্ব)



কিলোমিটার এলাকা জুড়ে বিস্তৃত ছিল। এর মধ্যিখানে ত্রিভুজাকৃতি ৩ কিলোমিটার জায়গাকে অতি পবিত্র বলা হত।

ত্রিভুজের তিন কোণে ছিল ব্রহ্মা, বিষনু ও মহেশ্বরের মন্দির। এই কালীক্ষেত্র সীমার মধ্যে কোন এক জায়গায় সুদর্শন চক্রে ছিন্ন হয়ে সতীদেহের পায়ের আঙুল পড়েছিল। সেই জন্য সেখানে এক দেবীমূর্তি ও একটি ভৈরব মূর্তির প্রতিষ্ঠা হয়। ভৈরবের নাম নকুলেশ্বর আর দেবীমূর্তি কালী।

কোনো কোো গবেষক বলেন "কালীক্ষেত্র" কথাটি থেকে "কলকাতা" নামটির উদ্ভব।

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## মাওবাদীদের পেতে রাখা বোমায় আহত ভারতের দুই কমান্ডো

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারতের কেন্দ্রীয় আধাসেনা এবং ছত্তীসগঢ় পুলিশের যৌথ ধারাবাহিক অভিযানের মধ্যেই আবারও অবুঝমাড়ের অরণ্যে আইইডি বিস্ফোরণ। বস্তার ডিভিশনের সেই বিজাপুর জেলায়। এই ঘটনায় সিআরপিএফের 'কোবরা' বাহিনীর দুই কমান্ডো গুরুতর জখম হয়েছেন।

সিপিআই (মাওবাদী)-এর সশস্ত্র শাখা পিএলজিএ (পিপল্‌স লিবারেশন গেরিলা আর্মি)-র পাতা আইইডি বিস্ফোরণে এই ঘটনা ঘটেছে বলে পুলিশের দাবি।

ভারতীয় সংবাদ সংস্থা পিটিআইকে পুলিশ জানিয়েছে, বুধবার গভীর রাতে কোবরার ২০৬ ব্যাটালিয়নের কমান্ডোরা রাজ্য সশস্ত্র পুলিশবাহিনীর সঙ্গে বাসাগুড়া থানার গভীর জঙ্গলে অভিযানে গিয়েছিলেন। সে সময়ই 'অসাবধানতাবশত' আইইডি বিস্ফোরণ ঘটে। গত ৬ জানুয়ারি বিজাপুর জেলারই অম্বেলি গ্রামের পাশে বেদ্রে-কুতরু রোডে সম্প্রতি নিরাপত্তা বাহিনীর একটি গাড়ি উড়িয়ে দিয়েছিল মাওবাদী বাহিনী। 'ডিসট্রিক্ট রিজার্ভ গার্ড' বাহিনীর আট জওয়ান এবং গাড়ির চালক ওই হামলায় নিহত হয়েছিলেন। তার পরেই কেন্দ্রীয় আধাসেনা ও পুলিশের যৌথবাহিনী উচ্চ ক্ষমতাসম্পন্ন



মাইন-সন্ধানী যন্ত্র এনে বস্তার ডিভিশন জুড়ে তল্লাশি অভিযান

এরপর ৬ পাতায়

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

এ ব্রত করলে তপস্যা ও যজ্ঞের পুণ্য লাভ হয় এবং ষোল কলায় দক্ষতা জন্মে। এ ব্রতের প্রভাবে সিদ্ধি লাভ হয়। অভিলাষী ব্যক্তি সপ্তদীপা পৃথিবীর অধীশ্বর হয়। শিব পার্বতীকে আরও বলেন, এবার শিবচতুর্দশী তিথির মাহাত্ম্য বলছি, শোন। একদা সর্বগুণযুক্ত বারাণসী পুরীতে ভয়ঙ্কর এক ব্যাধ বাস করত।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# প্রধানমন্ত্রী ১৭ জানুয়ারি ভারত মোবিলিটি গ্লোবাল এক্সপো ২০২৫-এর উদ্বোধন করবেন



**নয়াদিল্লি, ১৬ জানুয়ারি , ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লির ভারত মণ্ডপমে ১৭ জানুয়ারি ভারতের বৃহত্তম পরিবহণ মেলা, ভারত মোবিলিটি গ্লোবাল এক্সপো ২০২৫-এর উদ্বোধন করবেন।

নতুন দিল্লির ভারত মণ্ডপম ও যশোভূমি এবং গ্রেটার নয়ডার ইন্ডিয়া এক্সপো সেন্টার অ্যান্ড মার্ট- এই তিনটি স্থানে ১৭-২২ জানুয়ারি এই মেলার আয়োজন করা হয়েছে। এখানে ৯টিরও বেশি প্রদর্শনী এবং ২০টিরও বেশি সম্মেলন হবে। শিল্প মহল ও আঞ্চলিক স্তরের মধ্যে সমন্বয় বাড়াতে পরিবহণ ক্ষেত্রের নীতি ও উদ্যোগগুলিকে নিয়ে বিভিন্ন অধিবেশনের আয়োজন করা হয়েছে।

ভারত মোবিলিটি গ্লোবাল এক্সপো ২০২৫-এর লক্ষ্য হল, সমগ্র পরিবহণ মূল্য শৃঙ্খলকে এক ছাতার তলায় আনা। এই বছরের মেলায় পরিবহণ ক্ষেত্রের বিশ্বব্যাপী তাৎপর্যের ওপর বিশেষ জোর দেওয়া হচ্ছে। সারা বিশ্ব থেকেই প্রদর্শক ও দর্শনার্থীরা মেলায় যোগ দিচ্ছেন। শিল্প মহলের নেতৃত্বে সরকারের সহযোগিতায় এই উদ্যোগের সমন্বয়কারী হিসেবে রয়েছে ইঞ্জিনিয়ারিং এক্সপোর্ট প্রমোশন কাউন্সিল অফ ইন্ডিয়া, সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে বিভিন্ন বণিক সংগঠন ও অংশীদার সংস্থা।

# উপ-রাষ্ট্রপতি ১৭-১৯ তারিখ লাক্ষাদ্বীপ সফর করবেন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

উপ-রাষ্ট্রপতি শ্রী জগদীপ ধনখড় তিনদিনের সফরে ১৭ জানুয়ারি লাক্ষাদ্বীপ যাবেন। উপ-রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণের পর এটি তাঁর প্রথম এই কেন্দ্রশাসিত অঞ্চলে সফর।

সফরকালে শ্রী ধনখড় ১৭ জানুয়ারি একটি সরকারি অনুষ্ঠানে যোগ দেবেন এবং বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করবেন। ১৯ জানুয়ারি তিনি বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের সঙ্গে মতবিনিময় করবেন এবং বিভিন্ন প্রকল্পের সুবিধাপ্রাপকদের সঙ্গে সাক্ষাৎ করবেন।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# গত নয় বছরে স্টার্টআপ ইন্ডিয়ার মতো সংস্কারমূলক কর্মসূচী অগণিত যুবক-যুবতীকে উদ্ভাবনমূলক ধারণা থেকে সফল স্টার্টআপ সংস্থা গড়ে তুলতে সহায়তা করেছে: প্রধানমন্ত্রী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ স্টার্টআপ ইন্ডিয়া কর্মসূচীর নবম বর্ষপূর্তি উদযাপন করেছেন। শ্রী মোদী বলেন, গত ন'বছর ধরে এই সংস্কারমূলক কর্মসূচীটি অগণিত যুবক-যুবতীকে তাঁদের উদ্ভাবনমূলক ধারণা থেকে সফল স্টার্টআপ সংস্থা গড়ে তুলতে সহায়তা করেছে। "সরকারের ভূমিকার প্রসঙ্গে বলি, স্টার্টআপ – এর সংস্কৃতি গড়ে তুলতে উৎসাহদানের ক্ষেত্রে আমরা সবধরনের উদ্যোগই নিয়েছি"। তিনি বলেন, স্টার্টআপ ইন্ডিয়ার এই সাফল্য বর্তমান সময়কালে ভারতের দৃঢ়চেতা, প্রত্যয়ী ও ভবিষ্যতে যে কোনও পরিস্থিতির মোকাবিলা করতে প্রস্তুত থাকার মানসিকতার প্রতিফলন। "স্টার্টআপ জগতের সঙ্গে যুক্ত প্রত্যেক যুবক-যুবতীকে আমি শুভেচ্ছা জানাই। আরও অনেকে এই প্রক্রিয়ায় সামিল হবেন – সেই প্রত্যাশাই করি। আমি নিশ্চিত করে বলছি, আপনারা কেউ এর ফলে হতাশ হবেন না"!

সমাজ মাধ্যম এক্স – এর একগুচ্ছ বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, "আজ আমরা #9YearsOfStartupIndia উদযাপন করছি। এটি এক যুগান্তকারী উদ্যোগ, যা উদ্ভাবন, শিল্পোদ্যোগ ও উন্নয়নের নতুন সংজ্ঞা রচনা করেছে। এই কর্মসূচীটি আমার অত্যন্ত প্রিয়, এর মাধ্যমে দেশের যুবশক্তির আরও ক্ষমতায়ন নিশ্চিত হয়েছে। গত নয় বছরে এই সংস্কারমূলক কর্মসূচীটি অগণিত যুবক-যুবতীকে তাঁদের উদ্ভাবনমূলক ধারণার মাধ্যমে সফল স্টার্টআপ সংস্থা গড়ে তুলতে সহায়তা করেছে"।

"সরকারের ভূমিকার প্রসঙ্গে বলি, স্টার্টআপ – এর সংস্কৃতি গড়ে তুলতে উৎসাহদানের ক্ষেত্রে আমরা সবধরনের উদ্যোগই নিয়েছি। সহজে ব্যবসা করার যে নীতি আমরা কার্যকর করছি, তার মাধ্যমে সম্পদের ব্যবহার আরও সহজ হয়েছে এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হ'ল – স্টার্টআপ সংস্থাগুলিকে আমরা প্রতিটি ক্ষেত্রে সহায়তা করছি। আমরা উদ্ভাবন ও ইনক্যুবেশন সেন্টারগুলিকে শক্তিশালী করেছি, যাতে আমাদের যুবশক্তি বিভিন্ন ঝুঁকি নিতে পারেন। নতুন নতুন স্টার্টআপ সংস্থাগুলির সঙ্গে আমি ব্যক্তিগতভাবে নিয়মিত যোগাযোগ রেখে চলি"।

"স্টার্টআপ ইন্ডিয়ার এই সাফল্য বর্তমান সময়কালে ভারতের দৃঢ়চেতা, প্রত্যয়ী ও ভবিষ্যতে যে কোনও পরিস্থিতির মোকাবিলা করতে প্রস্তুত থাকার মানসিকতার প্রতিফলন। এই যাত্রাপথে আমরা শিল্পোদ্যোগীদের সবধরনের সহায়তার অঙ্গীকার করছি, যাতে তাঁদের স্বপ্ন পূরণ হয় এবং আত্মনির্ভর ভারত গড়ে তুলতে তাঁরা গুরুত্বপূর্ণ অবদান রাখেন। স্টার্টআপ জগতের সঙ্গে যুক্ত প্রত্যেক যুবক-যুবতীকে আমি শুভেচ্ছা জানাই। আরও অনেকে এই প্রক্রিয়ায় সামিল হবেন – সেই প্রত্যাশাই করি। আমি নিশ্চিত করে বলছি, আপনারা কেউ এর ফলে হতাশ হবেন না"!

# বিদায়ী ভাষণে যা বললেন বাইডেন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

জাতির উদ্দেশে বিদায়ী ভাষণ দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। বুধবার হোয়াইট হাউসের ওভাল অফিস থেকে দেওয়া ভাষণে তিনি তার মেয়াদে প্রশাসনের অর্জন তুলে ধরেন। তিনি চাকরির সুযোগ সৃষ্টি, অবকাঠামোগত উন্নয়ন, স্বাস্থ্যসেবা, মহামারি থেকে দেশকে পুনরুদ্ধার এবং আমেরিকাকে আরও নিরাপদ করার কথা উল্লেখ করেন।

বিদায়ী ভাষণে বাইডেন বলেন, আমরা যা করেছি তার পূর্ণ প্রভাব অনুভব করতে সময় লাগবে। তবে বীজ রোপিত হয়েছে, যা আগামী দশকগুলোতে বেড়ে উঠবে এবং ফল দেবে।

রিপাবলিকান পার্টির নেতা ডোনাল্ড ট্রাম্প ২০ জানুয়ারি মার্কিন প্রেসিডেন্টের দায়িত্ব নেবেন। আর মেয়াদ শেষে বিদায় নেবেন ডেমোক্রেটিক পার্টির বাইডেন। ট্রাম্পের দায়িত্ব নেওয়ার দিন কয়েক আগে বাইডেন তার বিদায়ী ভাষণ দিলেন।

জলবায়ু পরিবর্তন নিয়ে বাইডেন বলেন, শক্তিশালী স্বার্থান্বেষী গোষ্ঠী তাদের অপ্রতিহত প্রভাব ব্যবহার করে আমাদের জলবায়ু সংকট মোকাবিলার পদক্ষেপ ধ্বংস করতে চায়, নিজেদের ক্ষমতা এবং মুনাফার স্বার্থে।

তিনি সামাজিক মাধ্যম প্রতিষ্ঠানগুলোর সমালোচনা করেন, বিশেষ করে মেটা, যা স্বাধীন তথ্য যাচাইকারীদের কার্যক্রম বন্ধ করার ঘোষণা দিয়েছে। বাইডেন বলেন, "সামাজিক মাধ্যম সত্যের উপর মিথ্যা চাপিয়ে দিচ্ছে, ক্ষমতা ও মুনাফার জন্য।"

কৃত্রিম বুদ্ধিমত্তায় (এআই) বিপুল সম্ভাবনা দেখলেও এর বিপদ সম্পর্কে সতর্ক করেন বাইডেন। তিনি বলেন, এআই বিপুল সম্ভাবনা উপহার দিতে পারে। তবে এ ক্ষেত্রে প্রহরা না থাকলে তা নতুন হুমকির জন্ম দিতে পারে। তবে রূপান্তরমূলক প্রযুক্তিতে যুক্তরাষ্ট্রকে অবশ্যই চীনের ওপর নেতৃত্ব নিতে হবে বলে উল্লেখ করেন বাইডেন।

প্রাইমটাইমে দেওয়া ভাষণে ৮২ বছর বয়সী বাইডেন বলেন, আজ আমেরিকায় চরম সম্পদ, ক্ষমতা ও প্রভাবের একটি অলিগার্কি বিকশিত হচ্ছে, যা আক্ষরিক অর্থে যুক্তরাষ্ট্রের সমগ্র গণতন্ত্রকে হুমকির মুখে ফেলেছে। এটি খুব অল্পসংখ্যক অতিধনী লোকের হাতে ক্ষমতার বিপজ্জনক কেন্দ্রীকরণ।

বাইডেন সিলিকন ভ্যালির ধনী ব্যক্তিদের প্রতি ইঙ্গিত করেন, যাদের মধ্যে ইলন মাস্ক উল্লেখযোগ্য। মাস্ক ট্রাম্পের ঘনিষ্ঠ এবং তার প্রচারণায় বিশাল আর্থিক সহায়তা দিয়েছেন। অন্যান্য প্রযুক্তি ব্যক্তিত্ব যেমন জেফ বেজোস এবং মার্ক জাকারবার্গ ট্রাম্পের সাথে সম্পর্ক উন্নত করার চেষ্টা করছেন।

বক্তৃতার শেষে বাইডেন আমেরিকানদের আহ্বান জানান, "আপনারা দেশের রক্ষাকবচ হোন। আগুনের শিখা প্রজ্জ্বলিত রাখুন।"

বাইডেনের বিদায়ী ভাষণটি আসে একই দিনে, যেদিন তিনি ইসরায়েল এবং হামাসের মধ্যে যুদ্ধবিরতি চুক্তির ঘোষণা দেন। এই যুদ্ধবিরতি চুক্তি কার্যকর হবে ১৯ জানুয়ারি, ডোনাল্ড ট্রাম্পের ক্ষমতায় আসার একদিন আগে।

তিনি জানান, এই আলোচনা তার কূটনৈতিক জীবনের সবচেয়ে কঠিন একটি চ্যালেঞ্জ ছিল।

তবে ট্রাম্পও এই চুক্তির কৃতিত্ব দাবি করেছেন, উল্লেখ করে বলেছেন, "আমার নির্বাচনী জয়ই এই চুক্তিকে সম্ভব করেছে।"

২০২০ সালের নির্বাচনে ট্রাম্পকে হারিয়ে প্রেসিডেন্ট হয়েছিলেন বাইডেন। ২০২৪ সালের নির্বাচনেও বাইডেন লড়তে চেয়েছিলেন। তবে শেষ পর্যন্ত তিনি প্রার্থিতা প্রত্যাহার করেন। তার ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস নির্বাচনে প্রার্থী হয়ে ট্রাম্পের কাছে পরাজিত হন।

বাইডেনের বিদায়ী ভাষণ ছিল ওভাল অফিস থেকে তার পঞ্চম এবং শেষ আনুষ্ঠানিক ভাষণ। বাইডেন সোমবার যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রণালয়ে বক্তব্য রাখেন, যেখানে তিনি তার পররাষ্ট্রনীতির রেকর্ড-এর প্রশংসা করেন।

# রাহুল গান্ধীর তোপের মুখে আরএসএসপ্রধান



রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘের (আরএসএস) প্রধান মোহন ভাগবত ও কংগ্রেস নেতা ও বিরোধীদলীয় সংসদ সদস্য রাহুল গান্ধী।

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কংগ্রেস নেতা ও বিরোধীদলীয় সংসদ সদস্য রাহুল গান্ধীর তোপের মুখে পড়লেন রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘের (আরএসএস) প্রধান মোহন ভাগবত। ভারতীয় জাতীয় কংগ্রেসের নতুন সদরদপ্তর উদ্বোধনের দিন গতকাল রাহুল বলেন, দেশের স্বাধীনতা নিয়ে যে মন্তব্য সংঘপ্রধান করেছেন, অন্য দেশ হলে তাঁকে গ্রেপ্তার করা হতো, বিচারের মুখোমুখি করা হতো। খবর এনডিটিভির।

রাহুল বলেন, মোহন ভাগবত দেশবাসীকে অপমান করেছেন, অসম্মান করেছেন। সংবিধানের অমর্যাদা করেছেন এই মন্তব্য করে, সংবিধান আমাদের স্বাধীনতার প্রতীক নয়। গত মঙ্গলবার ইন্দোরে এক অনুষ্ঠানে মোহন ভাগবত বলেছিলেন, ১৯৪৭ সালে নয়, ভারত প্রকৃত স্বাধীনতা পেয়েছে যেদিন অযোধ্যায় রামমন্দিরে প্রাণ প্রতিষ্ঠা হয়েছে।

ওই দিনই দেশের সার্বভৌমত্ব নতুন করে প্রতিষ্ঠিত হয়েছে। ভাগবতের ওই মন্তব্য ঘিরে বিরোধীরা মঙ্গলবারই সরব হয়েছিলেন। বুধবার সকালে ৯/এ কোটলা রোডে কংগ্রেসের নতুন কার্যালয় উদ্বোধনের পর রাহুল তাঁর ওই মন্তব্য নিয়ে সরব হন।

রাহুল বলেন, দু-তিন দিন অন্তর মোহন ভাগবত ভারতের স্বাধীনতা ও স্বাধীনতা আন্দোলন নিয়ে ঔদ্ধত্যের সঙ্গে নিজের ভাবনার কথা শোনাচ্ছেন। মঙ্গলবার তিনি যা বলেছেন, তা দেশদ্রোহ। কারণ, তিনি দেশের সংবিধানকেই প্রশ্নের মুখে দাঁড় করিয়েছেন। অস্বীকার করেছেন।

(৪ পাতার পর)

# মাওবাদীদের পেতে রাখা বোমায় আহত ভারতের দুই কমান্ডো

শুরু করেছিল। কিন্তু তার মধ্যেই আবার মাওবাদী হামলার ঘটনা ঘটল।

গত ৩ জানুয়ারি থেকে বস্তার ডিভিশন জুড়ে নতুন করে মাওবাদীদের বিরুদ্ধে অভিযান শুরু করেছে ভারতের যৌথবাহিনী। বিজাপুর ও সুকমার পাশাপাশি নারায়ণপুর, দন্তেওয়াড়া, জগদলপুর, কাঁকের এবং কোন্ডাগাঁও জেলার পাহাড়-জঙ্গলেও চলছে তল্লাশি অভিযান। ইতোমধ্যেই বেশ কয়েক জন মাওবাদী গেরিলা সংঘর্ষে প্রাণ হারিয়েছেন। আত্মসমর্পণ করেছেন গান্ধী তাঁতি ওরফে কমলেশ (৩৫) এবং মাইনু ওরফে হেমলাল কোররাম, রঞ্জিত লেকামি ওরফে অর্জুন (৩০) এবং তাঁর স্ত্রী কোসি ওরফে কাজলের মতো মাওবাদী নেতা-নেত্রীরা।

# সিনেমার খবর

## লস অ্যাঞ্জেলসে দাবানলে আটকে পড়েছেন নোরা ফাতেহি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

জনপ্রিয় বলিউড নৃত্যশিল্পী এবং অভিনেত্রী নোরা ফাতেহি। নিজের অভিনয় দক্ষতা আর নৃত্য শৈলী দিয়ে দর্শকদের মনে জায়গা করে নিয়েছেন। এদিকে প্যারিস হিলটন থেকে অ্যান্টনি হপকিনসসহ একাধিক হলিউড সেলিব্রিটিদের কোটি টাকার বাড়িও আগুনে ধ্বংস হয়ে গিয়েছে।

এরমধ্যে অভিনেত্রী নোরা ফাতেহিও লস অ্যাঞ্জেলসে আটকে পড়েছেন। ইনস্টাগ্রাম স্টোরিতে অভিনেত্রী নোরা অগ্নিকাণ্ডের বিষয়টি জানিয়েছেন। এবং বলেছেন তিনি এবং তার দলকে নিরাপদে সরিয়ে নেওয়া হয়েছে। অভিনেত্রী ইনস্টাগ্রামে একটি ভিডিও বার্তায় বলেছেন, 'আমি লস অ্যাঞ্জেলসে আছি। এখানে ভয়ানক দাবানলে পুড়ে গিয়েছে কয়েকটি অঞ্চল। আমরা মাত্র পাঁচ মিনিট আগে এটির খবর পেয়েছি। তাই আমি দ্রুত আমার সমস্ত জিনিসপত্র গুছিয়ে নিয়েছি এবং আমি এখান থেকে সরে যাচ্ছি। আমি বিমানবন্দরের কাছে যাবো।'

নোরার কথায়, 'আজ আমার ফ্লাইট আছে। আমি জানি না আমি ফ্লাইট ধরতে পারবো কিনা। আমি আশা করি এটি বাতিল হবে না। এটি ভীতিজনক। আমি আপনাদের আপডেট দেব। আমি আশা করি মানুষ নিরাপদে হয়েছে, আমি এর আগে এরকম দাবানল দেখিনি।'

প্রসঙ্গত, অভিনেত্রী নোরা লস অ্যাঞ্জেলসে কয়েকটি ইভেন্টে যোগ দেওয়ার জন্যে গিয়েছিলেন। তবে সেখানে গিয়ে চরম বিপর্যয়ের মধ্যে পড়েছেন।

## প্রেমিকের সঙ্গেই বিয়ের পিঁড়িতে বসছেন ঋতাভরী

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

গুঞ্জনই সত্যি হতে যাচ্ছে, বলিউডের সংলাপ লেখক সুমিত অরোরাকেই বিয়ে করতে যাচ্ছেন ওপার বাংলার অভিনেত্রী ঋতাভরী চক্রবর্তী। প্রেমের সত্যতা আগেই স্বীকার করে নিয়েছিলেন, এবার প্রেমিক সুমিতের সঙ্গেই গাঁটছড়া বাঁধতে চলেছেন অভিনেত্রী। কিন্তু কবে? ভারতীয় গণমাধ্যম অনুসারে, চলতি বছরে ডিসেম্বরে থাইল্যান্ডে ঘনিষ্ঠ বন্ধুদের সঙ্গে 'ডেস্টিনেশন ওয়েডিং'-এর পরিকল্পনা অভিনেত্রীর।

জানা গেছে, বাঙালি ও পাঞ্জাবি রীতি অনুসারে বিয়ে করবেন অভিনেত্রী। বিয়ের অনুষ্ঠান হবে ঘরোয়াভাবে। তবে প্রীতিভোজ জাঁকজমকপূর্ণভাবেই আয়োজন করার পরিকল্পনা রয়েছে। বিশেষ দিন বেছেই সবাইকে বিয়ের অনুষ্ঠানে শামিল করতে চান অভিনেত্রী।




তবে এখনও নিজে থেকে কোনো ঘোষণা দেননি অভিনেত্রী।

সুমিত অরোরা শাহরুখ খানের 'জওয়ান', 'স্ত্রী', 'চন্দু চ্যাম্পিয়ান'-এর মতো হিট সিনেমার সংলাপ লেখক। এ ছাড়াও সোনাক্ষী সিনহা অভিনীত 'দাহাড়' ও মনোজ বাজপেয়ী অভিনীত 'দ্য ফ্যামিলি ম্যান' সিরিজের সংলাপও লিখেছেন তিনি। ২০২৩ সাল থেকে এই লেখকের সঙ্গে অভিনেত্রীর ঘনিষ্ঠতা। প্রায়শই সুমিতের সঙ্গে আদুরে ছবিও শেয়ার করেছেন সোশ্যাল মিডিয়ায়। এবার প্রেম থেকে প্রণয়ের পালা। সেই অপেক্ষায় অনুরাগীরাও।

## ভারতকে 'বস্তি' হিসেবে দেখানো ছবিই অস্কারে যায় : কঙ্গনা

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



এবার অস্কার কমিটিকে একহাত নিলেন বলিউড অভিনেত্রী কঙ্গনা রানাওয়াত। তিনি বলেছেন, অস্কার দৌড়ে ভারতীয় যেসব ছবি স্থান পায়, সেখানে দেখানো হয় ইন্ডিয়ার বস্তি ও দারিদ্রতার গল্প! যে সকল ছবি ভারত বিরোধী।

সম্প্রতি ভারতীয় গণমাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে কঙ্গনা একথা বলেন। তিনি আরও বলেন, 'যেই ছবিগুলো দেশের মান কমায়, সেগুলোই অ্যাকাডেমি পুরস্কারের জন্য বিবেচনা করা হয়।' 'স্লামডগ মিলিয়নেয়ার' ছবিটিকে টেনে এনে তিনি বলেন, 'এই ধরনের অখাদ্য ছবিই ভারতের মান নামিয়ে দেবে।'

কঙ্গনা বলেন, 'সাধারণত তারা ভারতের জন্য যে অ্যাজেন্ডা চাপায় তা খুবই আলাদা। আসলে যারা অস্কারের জন্য ছবি বাছাই করে, তারা দেশবিরোধী। এখন যে সব ছবি প্রশংসা কুড়াচ্ছে, আমি সেগুলো নিয়ে খুবই আশাবাদী ছিলাম।'

নিজের ছবির প্রসঙ্গ টেনে কঙ্গনা আরও বলেন, 'ইমার্জেন্সি এমন কোনো ছবি নয়। পাশ্চাত্যের মানুষ এখন ভারতের বর্তমান অবস্থা দেখতে প্রস্তুত। এসব পুরস্কার নিয়ে আমি কখনোই মাথা ঘামাই না। আমি ভারতীয় পুরস্কার বা পাশ্চাত্যের পুরস্কার, কোনোটা নিয়েই মাথা ঘামাই না।'

উল্লেখ্য, বলিউডের অন্যতম ঠোঁটকাটা তারকা হিসেবে পরিচিত কঙ্গনা রানাওয়াত। তিনি রাজনীতির দুনিয়ায় পা দিয়েও নিজেকে বদলাননি। শীঘ্রই মুক্তি পেতে যাচ্ছে তার অভিনীত আলোচিত ছবি 'ইমার্জেন্সি'।

# শ্রীলঙ্কা সফরে অস্ট্রেলিয়ার নেতৃত্বে স্মিথ, দলে চার স্পিনার



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

প্যাট কামিন্সকে নিয়ে গত কিছুদিনে যে খবর ছড়িয়ে পড়েছিল সেটিও সত্যি হয়েছে দল ঘোষণায়। দ্বিতীয় সন্তান জন্মের সময় স্ত্রীর পাশে থাকতে শ্রীলঙ্কা সফরে যাচ্ছেন না অস্ট্রেলিয়ার অধিনায়ক। তার বদলে আবার দলকে নেতৃত্ব দেবেন স্টিভেন স্মিথ।

সদ্য সমাপ্ত বোর্ডার-গাভাস্কার সিরিজে অস্ট্রেলিয়ার জয়ে বড় ভূমিকা রেখেছে পেস আক্রমণ। তবে শ্রীলঙ্কায় তো পেসারদের ততটা কার্যকর হওয়ার সম্ভাবনা কম। অস্ট্রেলিয়া তাই স্কোয়াড সাজিয়েছে চার স্পিনার নিয়ে। মূল স্পিনার ন্যাথান লায়নের সঙ্গে স্পিন আক্রমণে থাকছেন বাঁহাতি স্পিনার ম্যাথু কুনেমান, অফ স্পিনার টড মার্ফি ও বাঁহাতি স্পিনিং অলরাউন্ডার কুপার কনোলি।

দলে আরেকটি উল্লেখযোগ্য নাম ন্যাথান ম্যাকসুয়েনি। বোর্ডার-গাভাস্কার সিরিজে অভিষেকের পর তিন টেস্ট খেলে ব্যর্থ হয়ে বাদ পড়া টপ অর্ডার ব্যাটসম্যান দ্রুতই দলে ফিরে পেয়েছেন জায়গা। তবে একাদশ থেকে বাদ পড়ার পর এবার স্কোয়াডেও জায়গা হারিয়েছেন মিচেল মার্শ। অস্ট্রেলিয়ার টি-টোয়েন্টি অধিনায়কের টেস্ট ক্যারিয়ারের সামনেই এখন প্রশ্নবোধক চিহ্ন।

স্পিন আক্রমণে দলে ফেরা কুনেমান ২০২৩ সালে ভারত সফরে ৩ টেস্ট খেলে নিয়েছিলেন ৯ উইকেট। চলতি শেফিল্ড শিল্ডে ৬ ম্যাচ খেলে ১৮ উইকেট নিয়েছেন ২৮ বছর বয়সী বাঁহাতি স্পিনার। এই ভতরত সফরেই দারুণ সাড়া জাগিয়ে অভিষেক টড মার্ফির। তিনিও সবশেষ টেস্ট খেলেছেন ২০২৩ সালে। এখনও পর্যন্ত ৬ টেস্ট খেলে ২৪ বছর বয়সী অফ স্পিনারের প্রাপ্তি ২১ উইকেট।

কনোলি টেস্ট স্কোয়াডে ডাক পেলেন প্রথমবার। অস্ট্রেলিয়ার হয়ে দুটি করে ওয়ানডে ও টি-টোয়েন্টি খেলেছেন ২১ বছর বয়সী স্পিনিং অলরাউন্ডার। কনোলির সুযোগ পাওয়ায় শেষ হয়ে গেছে গ্লেন ম্যাক্সওয়েলের সম্ভাবনা। স্পিনিং অলরাউন্ডার হিসেবে শ্রীলঙ্কা সফর দিয়ে টেস্ট ক্যারিয়ার পুনরুজ্জীবিত করার আশায় ছিলেন তিনি। বোর্ডার-গাভাস্কার সিরিজের শেষ দুই ম্যাচ খেলে আগ্রাসী মানসিকতায় নজরকাড়া স্যাম কনস্টাস ধরে রেখেছেন জায়গা। ওই সিরিজের স্কোয়াডে থাকলেও খেলার সুযোগ না পাওয়া জশ ইংলিসও আছেন দলে। স্পিন খুব ভালো খেলেন বলে পরিচিতি আছে তার।

১৫ জনের স্কোয়াডে বিশেষজ্ঞ পেসার কেবল দুজন- মিচেল স্টার্ক ও স্কট বোল্যান্ড। চোট থেকে এখনও সেরে ওঠেননি জশ হেইজেলউড। ভারতের বিপক্ষে সিডনি টেস্টে অভিষেকে ব্যাটে-বলে ভালো করা পেস বোলিং অলরাউন্ডার বাউ ওয়েবস্টারও থাকছেন শ্রীলঙ্কাগামী উড়ানে।

দুই টেস্ট ম্যাচের প্রথমটি শুরু ২৯ জানুয়ারি, পরেরটি ৬ ফেব্রুয়ারি। দুটি টেস্টই হবে গলে। সিরিজের আগে সংযুক্ত আরব আমিরাতে ট্রেনিং ক্যাম্প করবে অস্ট্রেলিয়া দল। ভারতের বিপক্ষে মিরিজ ৩-১ ব্যবধানে জিতে আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল নিশ্চিত করে ফেলেছে অস্ট্রেলিয়া। আগামী জুনে লর্ডসে তাদের প্রতিপক্ষ দক্ষিণ আফ্রিকা।

অস্ট্রেলিয়া স্কোয়াড: স্টিভেন স্মিথ (অধিনায়ক), স্কট বোল্যান্ড, অ্যালেক্স কেয়ারি, কুপার কনোলি, ট্রাভিস হেড, জশ ইংলিস, উসমান খাওয়াজা, স্যাম কনস্টাস, ম্যাথু কুনেমান, মার্নাস লাবুশেন, ন্যাথান লায়ন, ন্যাথান ম্যাকসুয়েনি, টড মার্ফি, মিচেল স্টার্ক, বাউ ওয়েবস্টার।

# সালাহর দিকে নজর আল হিলালের?




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ইন্টার মায়ামিতে লিওনেল মেসি ও লুইস সুয়ারেসের সঙ্গে একত্রিত হওয়ার গুঞ্জন চলছে নেইমার জুনিয়রের। এরই মধ্যে তাকে ছেড়ে দেওয়ার জন্য প্রস্তুতি চলছে সৌদি ক্লাব আল হিলালের। ব্রাজিলিয়ান এই তারকার সঙ্গে চুক্তি করাকে 'ভুল' হিসেবে দেখছে তারা।

নেইমারের বদলি হিসেবে লিভারপুল তারকা মোহামেদ সালাহকে আনতে যাচ্ছে সৌদি প্রো লিগের ক্লাবটি। সংবাদমাধ্যম 'এএস'র প্রতিবেদন বলছে, নেইমারকে দলে ভেড়ানো 'ভুল' মনে করছে আল হিলাল। তার বদলে ক্লাবের নতুন সুপারস্টার সালাহকে ভেড়াতে যাচ্ছে ক্লাবটি।

এদিকে সালাহও চাচ্ছেন মধ্যপ্রাচ্যে আসার জন্য। লিভারপুলে তার অবস্থান খুব একটা শক্ত নয় এখন। যে কারণে এদিকে ঝুঁকছেন মিশরের এই ফরোয়ার্ড। এদিকে গুঞ্জন চলছে নেইমারও থাকতে চান না সৌদি ক্লাবটিতে। তিনি যোগ দিতে চাচ্ছেন ইন্টার মায়ামিতে। বার্সেলোনার পুরোনো সতীর্থদের সঙ্গে মিলিত হতে চান ব্রাজিলিয়ান এই তারকা

# টেস্ট র‍্যাঙ্কিংয়ে সেরা ২৫-এ নেই কোহলি




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

দীর্ঘ এক যুগ পর আইসিসি টেস্ট র‍্যাঙ্কিংয়ের সেরা ২৫ থেকে ছিটকে গেলেন বিরাট কোহলি। আইসিসির দেয়া সবশেষ টেস্ট র‍্যাঙ্কিংয়ে তিন ধাপ পিছিয়ে ২৭ নম্বরে অবস্থান করছেন ভারতীয় ক্রিকেটের পোস্টারবয়। অস্ট্রেলিয়া সিরিজটা দুঃসময়ের মতো কাটিয়েছেন কোহলি। একটা সেঞ্চুরি করেছেন। বাকি ইনিংসগুলোতে ব্যর্থ। সেই ছাপই পড়েছে র‍্যাঙ্কিংয়ে।

১২ বছর পর এবারই প্রথম ২৫ এর বাইরে কোহলি। সবশেষ ২০১২ সালের ডিসেম্বরে কোহলির অবস্থান ছিল ৩৬ নম্বরে।

সবশেষ হালনাগাদে বাংলাদেশের সেরা ব্যাটার মুশফিকুর রহিমের অবস্থান ৩২ নম্বরে। তিন ধাপ পেছনে রয়েছেন লিটন দাস। এই দুজন বাদে সেরা পঞ্চাশে নেই আর কোনো বাংলাদেশি ব্যাটার।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR